

💵 প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ মসজিদে নববী যিয়ারত রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২০৯- অজ্ঞতার কারণে হাজীগণ সাধারণতঃ কি কি ধরনের ভুল-ত্রুটি করে থাকে?

নিম্নবর্ণিত ভুল-ক্রটি করতে দেখা যায়।

- (১) আল্লাহ সর্বত্র বিরাজমান আছেন মনে করে। এরূপ মনে করা ভুল। কেননা আল্লাহ উপরে আরশে আছেন। এজন্যই আমরা দৃ'হাত উপরে উঠিয়ে দোয়া করি।
- (২) রোগবালা থেকে মুক্তির নিয়তে মক্কা-মদ্বীনা থেকে পাথর-মাটি বহন করে আনে। এটা ঠিক নয়।
- (৩) কেউ কেউ তাবীজ কবজ ব্যবহার করে। এটা শির্ক।
- নবীজি বলেছেনঃ

أً إِنَّ الرُّقي وَالتَّمَائِمَ وَالتِّولَةَ شِرْكٌ

(ক) অর্থাৎ কুফরী ঝাড়ফুঁক, তাবীজ কবজ ব্যবহার ও স্বামী-স্ত্রীর মধ্যে বিবাদ সৃষ্টির জন্য যাদু করা শির্ক। (আবূ দাউদ ৩৮৮৩)

ب_مَنْ عَلَّقَ تَميمَةً فَقَدْ أَشْرَكَ

- (খ) যে ব্যক্তি (শরীরে) তাবীজ ঝুলালো সে শির্ক করল। (আহমাদ ১৬৯৬৯)
- (৪) নামাযে গাফলতি ও অলসতা প্রদর্শন করা।
- (৫) ধূমপান করা।
- (৬) দাড়ি কেটে ফেলা।
- (৭) বেগানা মেয়েদের সান্নিধ্যে যাওয়া, তাদের সাথে গল্প-গুজব করা, তাদের দিকে ইচ্ছাকৃতভাবে তাকানো।
- (৮) স্মৃতিস্বরূপ হজ্জের ছবি উঠিয়ে আনা।
- (৯) অশ্লীল ও ফাহেশা কথা বলা।
- (১০) না জেনে মাস্আলা বলা ও ফতোয়া দেয়া এটা ঠিক নয়।
- (১১) মেয়েরা পুরুষদের কাছে গিয়ে ভীড় করা।
- (১২) হারামে না গিয়ে ঘরে নামায পড়া।
- (১৩) কবরের আযাব থেকে বাঁচার নিয়তে যমযমের পানি দিয়ে কাফনের কাপড় ধুয়ে আনা। এটি মারাত্মক ভুল আকীদা।



- (১৪) ইহরাম অবস্থায় যেসব কাজ নিষিদ্ধ এর কোন কোনটা করে ফেলা।
- (১৫) মসজিদে হারাম ও এর দরজা-জানালা মুছে তা নিজের গায়ে মুছা ভুল।
- (১৬) মাহরাম পুরুষ ছাড়া মেয়েদের হজ্জে যাওয়া। এটা জায়েয নয়।
- (১৭) নিজের হজ্জ আগে না করে অন্যের বদলী হজ্জ করতে যাওয়া। এও জায়েয নয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2756

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন